গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

কার্যক্রম ও এডিপি শাখা

“জেলা মহাসড়ক যথাযথ মান ও প্রশস্থতায় উন্নীতকরণ প্রকল্প (রংপুর জোন) (১ম সংশোধিত)” শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত ডিপিইসি সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	৩১ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাকে অবহিত করা হয় যে, প্রকল্পটি মোট ৬৫৪.৪৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ০১ জুলাই ২০১৮ হতে ৩০ জুন ২০ মেয়াদে বাস্তবায়নের জন্য গত ২৯/০৫/২০১৮ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির মেয়াদ ০১ বছর বৃদ্ধি পায়। প্রকল্পটির প্রধান উদ্দেশ্য হল রংপুর জোনের আওতাধীন ২৮টি ক্ষতিগ্রস্ত ও গুরুত্বপূর্ণ জেলা মহাসড়কের ২৬৬.১৩ কিলোমিটার প্রশস্তকরণ ও মজবুতীকরণ করে উন্নয়নের মাধ্যমে বিরাজমান সড়ক নেটওয়ার্কের মান উন্নয়ন তথা নিরাপদ, আরামদায়ক সময় এবং ব্যয় সাশ্রয়ী সড়ক নেটওয়ার্ক প্রতিষ্ঠা করা। ২০২০-২০২১ অর্থবছরের এডিপিতে প্রকল্পটির অনুকূলে বরাদ্দ রয়েছে ৯০.০০ কোটি টাকা। জুলাই, ২০২০ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৪৯১.৯৪ কোটি টাকা এবং আর্থিক অগ্রগতি ৭৫.১৭%। ০৪/১২/২০১৯ তারিখে প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পের আওতাধীন কতিপয় অঙ্গের ব্যয় হ্রাস/বৃদ্ধির ফলে ডিপিপি সংশোধনের প্রস্তাব এবং বাস্তবায়ন মেয়াদকাল ০১ (এক) বছর বৃদ্ধির প্রস্তাব পর্যালোচনা ও সুপারিশ প্রদানের লক্ষ্যে অদ্যকার zoom online-এ ডিপিইসি সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় নিরুপন করা হয়েছিল RHD Schedule of Rate 2015 এর ভিত্তিতে। কিন্তু প্রকল্পে অন্তর্ভুক্ত প্যাকেজসমূহের দরপত্র আহবানকালে RHD Schedule of Rate 2018 প্রণীত হওয়ায় সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান প্রকৌশলী মহোদয় আলোচ্য প্রকল্পসহ সমসাময়িক অনুমোদিত প্রকল্পসমূহের RHD Schedule of Rate 2018 অনুসারে প্রস্তুতকরণ ও দরপত্র প্রক্রিয়াকরণের নির্দেশনা প্রদান করেন। তবে শর্ত আরোপ করা ছিল যে, পরবর্তীতে সংশোধিত ডিপিপি অনুমোদন করিয়ে নিতে হবে। টেন্ডারের কোটেড রেট অনুযায়ী বিভিন্ন অঙ্গের প্রাক্কলনের হ্রাস/বৃদ্ধির বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।

৩.২ প্রকল্পের ডিপিপি সংশোধনের কারণ হিসেবে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পে অন্তর্ভুক্ত প্যাকেজ সমূহের কাজ বাস্তবায়নকালে দেখা যায় যে, কোন কোন প্যাকেজে বিভিন্ন আইটেমের কাজের পরিমান বাস্তবতার প্রেক্ষিতে হ্রাস/বৃদ্ধি পাচ্ছে। ফলশ্রুতিতে সংশোধন প্রাক্কলন তথা ভেরিয়েশন প্রস্তুতের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। উক্ত সংশোধিত প্রাক্কলন তথা ভেরিয়েশন অনুমোদনের জন্য ডিপিপি সংশোধন প্রয়োজন। প্রস্তাবিত সংশোধিত ডিপিপি’র বিভিন্ন অঙ্গের প্রাক্কলন বাস্তবতার নিরিখে প্রণয়নের পরামর্শ প্রদান করা হয়। ভবিষ্যতে এ প্রকল্পের কোন অঙ্গের পরিবর্তনজনিত কারণে ডিপিপি সংশোধনের প্রয়োজন হবে না মর্মে প্রকল্প পরিচালক কর্তৃক প্রত্যয়ন প্রদানের বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।

৩.৩ প্রস্তাবিত সংশোধিত ডিপিপি’তে নতুন দুইটি (০২) প্যাকেজ অন্তর্ভুক্তের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, সর্বশেষ পিএসসি সভায় প্রতিটি সড়কে পর্যাপ্ত সাইন-সিগন্যাল স্থাপনের নির্দেশনা প্রদান করা হয়। সেপ্রেক্ষিতে পর্যাপ্ত ওভারহেড ডিরেকশনাল সাইন বোর্ড ও অন্যন্য সাইন বোর্ড/সিগন্যালসহ নতুন ০১টি প্যাকেজ অন্তর্ভুক্তের প্রস্তাব করা হয়। গত বছরের বন্যা ও এ বছরের বন্যা পরিস্থিতির কারণে সড়ক ক্ষতিগ্রস্থ হওয়ায় রক্ষাপ্রদ কাজ প্রয়োজন হবে মর্মে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। নির্মিতব্য সড়কের রক্ষাপ্রদ কাজের জন্য নতুন ০১টি প্যাকেজের প্রস্তাব করা হয়েছে। মূল ডিপিপি’তে রক্ষাপ্রদ কাজের প্রাক্কলন যথাযথভাবে না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং ভবিষ্যতে মাঠপর্যায়ে সরেজমিন পরিদর্শনকরতঃ রক্ষাপ্রদ কাজের প্রাক্কলন যথাযথভাবে নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়।

৩.৪ সভায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, মেয়াদকাল ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পরিকল্পনা কমিশনের প্রতিনিধি সভাকে জানান যে, এই সংশোধন প্রস্তাব অনুমোদনান্তে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটির বাস্তবায়ন কাজ সমাপ্ত করা সমীচীন হবে। এক্ষেত্রে, প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ জুন ২০২২ পর্যন্ত বৃদ্ধি করা যেতে পারে। তবে, ভবিষ্যতে প্রকল্পটির আর কোন সংশোধন প্রস্তাব গ্রহণযোগ্য হবে না। এ বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রস্তাবিত সংশোধন প্রস্তাবটি অনুমোদিত হলে জুন ২০২২ এর মধ্যে প্রকল্পটির সমুদয় কাজ সমাপ্ত করা সম্ভব হবে বিধায় ভবিষ্যতে আর কোন সংশোধনের প্রয়োজন হবে না।

৪. **সুপারিশ/সিদ্ধান্তঃ**

বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সুপারিশ/সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে প্রকল্পটির ১ম সংশোধনী অনুমোদনের জন্য সুপারিশ করা হয়:

৪.১ প্রকল্পটির ১ম সংশোধন প্রস্তাব এবং বাস্তবায়ন মেয়াদ ৩০/০৬/২০২১ হতে ০১ বছর বৃদ্ধিপূর্বক ৩০/০৬/২০২২ নির্ধারণের জন্য সুপারিশ করা হলো;

৪.২ টেন্ডারের কোটেড রেট অনুযায়ী বিভিন্ন অঙ্গের প্রাক্কলনের হ্রাস/বৃদ্ধি সংশোধিত ডিপিপি’তে যথাযথভাবে প্রতিফলিত করতে হবে;

৪.৩ ভবিষ্যতে বর্ণিত প্রকল্পের কোন অঙ্গের পরিবর্তনজনিত কারণে ডিপিপি সংশোধনের প্রয়োজন হবে না মর্মে প্রকল্প পরিচালক কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র সংশোধিত ডিপিপিতে সংযুক্ত করতে হবে;

৪.৪ প্রস্তাবিত নতুন ০২টি প্যাকেজের (০১টি রক্ষাপ্রদ কাজ ও ০১টি সসাইন/সিগন্যাল সংক্রান্ত) অন্তর্ভুক্তির বিষয়ে সভায় সুপারিশ প্রদান করা হলো। এক্ষেত্রে, মাঠপর্যায়ে সরেজমিন পরিদর্শনকরতঃ রক্ষাপ্রদ কাজের প্রাক্কলন যথাযথভাবে নিশ্চিত করে সংশোধিত ডিপিপি’তে অন্তর্ভুক্ত করতে হবে;

৪.৫ উন্নয়নকৃত মহাসড়কে যথাযথভাবে সাইন, সিগন্যাল সীমানা পিলার ও রোড মার্কিং ইত্যাদি স্থাপন নিশ্চিত করতে হবে;

৪.৬ প্রস্তাবিত সংশোধিত ডিপিপি’তে ক্রয় পরিকল্পনায় প্যাকেজ সংক্রান্ত তথ্যাদি টেন্ডারে বর্ণিত তথ্য অনুযায়ী যথাযথভাবে প্রতিফলিত করতে হবে; এবং

৪.৭ প্রকল্পের আওতাধীন কাজের গুনগতমান টেকসই করার জন্য মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।

৪.৮ কোন প্যাকেজ ভেরিয়েশন প্রয়োজন হলে তা বিস্তারিত উল্লেখ করতে হবে। প্যাকেজ ও অংগের তুলনামূলক ছকে তথ্য সংযুক্ত করতে হবে।

৫. আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০২০.১৭.২৪৫

তারিখ: ১৯ ভাদ্র ১৪২৭
০৩ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৩) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৫) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা

৭) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

৮) সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়

৯) প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব), সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

১০) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১১) যুগ্ম-প্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ

১২) যুগ্ম প্রধান, পরিকল্পনা অনুবিভাগ, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৩) প্রকল্প পরিচালক, , সওজ, রংপুর সড়ক জোন, রংপুর

১৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর

১৫) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৬) উপ প্রধান, পরিকল্পনা ও কার্যক্রম, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

১৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

১৮) অফিস কপি/মাস্টার কপি

আবদুল্লাহ-আল-মাসুদ
সিনিয়র সহকারী প্রধান